

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭৪৩

আগরতলা, ৮ নভেম্বর, ২০২৪

হাওয়াইবাড়ি পালপাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে
এইডস নিয়ে সচেতনতামূলক আলোচনাসভা



খোয়াই জেলার অন্তর্গত তেলিয়ামুড়া মহকুমা হাসপাতালের অধীন হাওয়াইবাড়ি আয়ুর্ষ্মান আরোগ্য মন্দিরের উদ্যোগে স্থানীয় হাওয়াইবাড়ি পাল পাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গত ৫ নভেম্বর কিশোরী অবস্থায় গর্ভধারণ ও এইচ আই ভি এইডস নিয়ে সচেতনতামূলক আলোচনা অনুষ্ঠিত হয়। এই আলোচনা সভায় স্বাস্থ্যকর্মীরা টিনএজ বা কিশোরী অবস্থায় গর্ভধারণ প্রতিরোধ করতে অভিভাবকদের প্রতি কিশোরী মেয়েদের অল্প বয়সে বিয়ে না দিয়ে পড়াশুনার প্রতি উৎসাহিত করে তাদের স্বনির্ভর করে তোলার জন্য আহ্বান করেন। তাছাড়া অভিভাবকদের সামাজিক চাপ উপেক্ষা করে কিশোরী মেয়েদেরকে সার্বিক ভাবে সহায়তা করা, তাদের মানসিক ও শারীরিকভাবে চাপমুক্ত রাখা, তাঁদের সঙ্গে বন্ধুত্বপূর্ণ ব্যবহার করে বিভিন্ন সমস্যা সম্পর্কে অবহিত হওয়া এবং সর্বোপরি তাদের বন্ধু-বান্ধব সহ যাদের সঙ্গে মেলামেশা করছে তাদের সম্পর্কে অবগত থাকা ইত্যাদি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। পাশাপাশি স্বাস্থ্যকর্মীরা সকল অংশগ্রহণকারীদের মধ্যে টিনএজ বা কিশোরী অবস্থায় গর্ভধারণ যে কতটা বিপজ্জনক হতে পারে এবং এর কু-প্রভাব আমাদের সমাজ ব্যবস্থায় কিভাবে অন্তরায় হয়ে দাঁড়াতে পারে এই সব বিষয়ে বাস্তবমুখী ব্যাখ্যা করেন। এছাড়াও উক্ত সভায় স্বাস্থ্যকর্মীরা এইচআইভি এইডস রোগ কি, এই রোগ কিভাবে ছড়ায়, রোগের উপসর্গ ও লক্ষণগুলি কি এবং এর চিকিৎসা পদ্ধতি ও প্রতিরোধ ব্যবস্থা সম্পর্কে উপস্থিত সকলকে সচেতন করেন। এদিনের এই অনুষ্ঠানে মোট ৩০ জন এলাকাবাসী অংশগ্রহণ করেন। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কমিউনিটি হেলথ অফিসার দেবপ্রিয়া দাস, এলডব্লিওএস শান্তনু দেব এবং আশাকর্মা আলোরানী দাস ও খেলারানী দাস। অনুষ্ঠানের শেষে উপস্থিত সকলের মধ্যে পুষ্টিকর খাবার প্রদান করা হয়। স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
